

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৭টি প্রতিষ্ঠানকে ৩.২৬ লক্ষ টাকা জরিমানা

২৬ এপ্রিল ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজবাড়ী, গাজীপুর, নোয়াখালী, যশোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, ভোলা, মৌলভীবাজার ও কুড়িগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে অরুণ ঘোষ বর্ণা সুইটস কে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মুসলিম সুইটসকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মির্জা মোঃ হাসানের নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে এশিয়া গার্ডেন রোজকে ৩০,০০০/- (তিশ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মনির ড্রাগ হাউসকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের উলিপুর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর ও জয়দেবপুর বাজার এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কৃষ্ণ পদ ঢালীর নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১,৭০০/- (এক হাজার সাতশত) টাকাসহ ২,৬৬,২০০/- (দুই লক্ষ ছেষটি হাজার দুইশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ স্বাস্থ্যহানী ইত্যাদি ঘটানো ও খাদ্যপণ্যের নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকিতে ৩৭টি প্রতিষ্ঠানকে মোট ৩,২৬,২০০/- (তিন লক্ষ ছাব্বিশ হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি, উপজেলা ভাইস চেয়ারম্যান ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যা ব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রাজবাড়ী, গাজীপুর, নোয়াখালী, যশোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, ভোলা, মৌলভীবাজার ও কুড়িগ্রাম।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রাজবাড়ী, গাজীপুর, নোয়াখালী, যশোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, ভোলা, মৌলভীবাজার ও কুড়িগ্রাম।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।